



সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

ফোনঃ-০২-২২৩৩৮০৯৬৮ (ডিজিএম), ০২-২২৩৩৯০২১৩ (এজিএম)

ই-মেইলঃ-dgmlmd@sonalibank.com.bd




শপথ মোদের মুজিব বর্ষে
আমরা থাকবো সবার শীর্ষে

সোনালী ব্যাংক লিমিটেড-এ আইন উপদেষ্টা হিসেবে তালিকাভুক্তির জন্য বিজ্ঞপ্তি

সোনালী ব্যাংক লিমিটেড এ ২ (দুই) বছরের জন্য আইন উপদেষ্টা হিসেবে তালিকাভুক্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী আইনজীবীদের নিকট হতে (শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতার সনদপত্রসহ) নির্ধারিত ছকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

- ১) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক নাগরিক হতে হবে।
- ২) আবেদনকারীকে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী হতে হবে।
- ৩) আবেদনকারীকে মহামান্য বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট ডিভিশনে ন্যূনতম ১২ (বার) বছরের মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে; তবে মহামান্য বাংলাদেশ সুপ্রিম কোর্ট, অ্যাপিলেট ডিভিশনে মামলা পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৪) প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা/ পেশাগত অভিজ্ঞতা যাচাইয়ের ক্ষেত্রে আইন বিষয়ে উচ্চতর ডিগ্রি, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, অ্যাপিলেট ডিভিশনে সিনিয়র আইনজীবী হিসেবে পেশাগত অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ৫) অবসরপ্রাপ্ত সিনিয়র জেলা জজ/জেলা জজগণ বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট ডিভিশনে আইন পেশায় নিয়োজিত থাকলে আইন উপদেষ্টা হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন।
- ৬) বিদ্যমান আইন উপদেষ্টাগণ এর পুনরায় তালিকাভুক্তির জন্য আবেদন এর ক্ষেত্রে, ব্যাংক কর্তৃক প্রণীত Key Performance Indicator (KPI) অনুযায়ী পারফরমেন্স সন্তোষজনক বিবেচিত হলে পুনরায় তালিকাভুক্তির জন্য তাঁদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৭) আগ্রহী প্রার্থীগণকে ব্যাংকের আইন উপদেষ্টা তালিকাভুক্তি সংক্রান্ত সাক্ষাৎকার কমিটির সম্মুখে ব্যক্তিগত সাক্ষাৎকার দিতে হবে।
- ৮) আইন উপদেষ্টাগণকে প্রতি মাসে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে 'রিটেনার ফি' প্রদান করা হবে। এছাড়া মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য ব্যাংকের অনুমোদিত হারে 'ফি' প্রাপ্ত হবেন।
- ৯) আইন উপদেষ্টা হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহী প্রার্থীগণ লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা হতে অথবা সোনালী ব্যাংক লিমিটেড এর ওয়েব সাইট (www.sonalibank.com.bd) থেকে নির্ধারিত ফরম (ছক-'গ') সংগ্রহপূর্বক আবেদন করতে পারবেন। আবেদনপত্রের সাথে (ক) জাতীয় পরিচয়পত্র (খ) সকল শিক্ষাগত যোগ্যতা (গ) পেশাগত অভিজ্ঞতা (ঘ) বাংলাদেশ বার কাউন্সিলে তালিকাভুক্তি, জেলা আইনজীবী সমিতি/সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সনদপত্র (ঙ) বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট ডিভিশন/আপীলেট ডিভিশনে তালিকাভুক্তির সনদপত্র এর কপি ও (চ) সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করে আগামী ২৮/০৭/২০২২ তারিখের মধ্যে সরাসরি ডেপুটি জেনারেল ম্যানেজার, লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করতে হবে।
- ১০) ব্যাংক কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১১) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।


(মোঃ গোলাম হিদ্দিক)
ডেপুটি জেনারেল ম্যানেজার